



## বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

২০১৭

নং- বামাশিবো/প্রশা/পঞ্চগড়-৩২/৭১৭/৬

তারিখ : ৭ / ০৮ / ২০১৭খ্রিঃ

বিষয় : তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

- সূত্র : ১) নং-শাঃ১৪/অভিযোগ-১/২০০৭(অংশ-৩)-১০৪৯; তারিখঃ ০১ জুন ২০১৬  
২) নং- বামাশিবো/প্রশা/পঞ্চগড়-৩২/৩০৪/৩; তারিখঃ ২৩/০৩/২০১৭  
৩) স্মারক নং- ০৫.৪৭.৭৭৩৪.০৩.০২৬.২০১৫-১২১; তারিখঃ ০৪/০৪/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সবিনয়ে জানানো যাচ্ছে যে, পঞ্চগড় জেলার দেবীগঞ্জ উপজেলাধীন সোনাহার আলমনগর দাখিল মাদরাসার অভিযুক্ত কম্পিউটার শিক্ষক জনাব তাহমিনা খাতুন এর কম্পিউটার প্রশিক্ষণ সনদ গ্রহণযোগ্য কিনা, উক্ত প্রশিক্ষণ গ্রহণের জন্য তিনি অনুমোদন নিয়ে ছিলেন কিনা এবং কম্পিউটার শিক্ষক পদে চাকুরী করে ইবতেদায়ী পদে বেতন গ্রহণ করতে পারেন কিনা তা পুনঃ পরীক্ষা করে সুস্পষ্ট মতামত প্রদানের জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সূত্রে উল্লিখিত ১নং স্মারকে নির্দেশনা প্রদান করা হয় (কপি সংযুক্ত)।

উল্লিখিত বিষয়ে তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রে উল্লিখিত ২নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, দেবীগঞ্জ, পঞ্চগড়কে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দেবীগঞ্জ, পঞ্চগড় এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রে উল্লিখিত ৩নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেছেন (কপি সংযুক্ত)। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, অভিযুক্ত জুনিয়র শিক্ষক জনাব তাহমিনা খাতুন এর কম্পিউটার বিষয়ক সার্টিফিকেট বৈধ হিসেবে প্রতীয়মান হয়, তবে তাঁর এ বিষয়ে প্রশিক্ষণ গ্রহণের ক্ষেত্রে মাদরাসার সুপার অনুমতি প্রদান করেছেন কিন্তু ম্যানেজিং কমিটি কর্তৃক অনুমোদন দেয়া হয়নি। এছাড়া তাঁর বেতন ভাতা গ্রহণের বিষয়ে জুনিয়র শিক্ষক জনাব তাহমিনা খাতুন এর বেতন ভাতা তাঁর স্ব-পদেই প্রদান করার বিষয়ে ম্যানেজিং কমিটি কর্তৃক সিদ্ধান্ত রয়েছে। তিনি জুনিয়র শিক্ষক হিসেবেই তার দায়িত্ব পালন করছেন এবং বেতন ভাতাদি পাচ্ছেন তবে হাজিরা খাতায় কোন পদবীর উল্লেখ নেই, শুধুমাত্র নাম রয়েছে।

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডে রক্ষিত উক্ত মাদরাসা সংক্রান্ত নথি পর্যালোচনায় আরও দেখা যায়, উক্ত মাদরাসার একাডেমিক স্বীকৃতির মেয়াদ হালনাগাদ নেই এবং ২০১৩ সাল থেকে বোর্ড হতে কোন পরিচালনা কমিটি অনুমোদন গ্রহণ করা হয়নি। এ বিষয়ে ইতোমধ্যে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়েছে।

বিষয়টি মহোদয়কে সবিনয়ে অবহিত করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক..... (.....) পাতা।

প্রফেসর এ, কে, এম, ছায়েফ উল্লাহ  
চেয়ারম্যান

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ৫৮৬১০২১৬

সচিব  
কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

### অনুলিপি :

- জনাব মোহাম্মদ শহীদুল্লাহ, সহকারী সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- অফিস কপি।